

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রশাসন অধিশাখা, প্রধান কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
www.chtdb.gov.bd

নম্বর : ২৯.৩১.০০০০.০০০.০০৭.১৭.০০৩৭.২৫. ২৮৪০

তারিখ : ০৭ ডিসেম্বর ২০২৫ খ্রি.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বহুল প্রচলিত সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে “পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড” নামে একটি পাবলিক গ্রুপ (সদস্য সংখ্যা প্রায় ২.১ হাজার) সক্রিয় রয়েছে (লিংক: <https://www.facebook.com/share/p/19b7c24W9P/> ও স্ক্রিনশট সংযুক্ত), যেটি পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কোনো সরকারি বা অনুমোদিত পেইজ/গ্রুপ নয়। ফেসবুকে এই গ্রুপটি বোর্ডের নাম ও অফিস ভবনের পুরাতন ছবি ব্যবহার করে সাধারণ মানুষের মাঝে বিভ্রান্তি সৃষ্টি করছে এবং সম্প্রতি এই গ্রুপ থেকে একটি মিথ্যা, ভিত্তিহীন ও উস্কানিমূলক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে যা আমাদের গোচরীভূত হয়েছে। ইহা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্র ও এর অর্জিত ভাবমূর্তি ও সুনাম ক্ষুণ্ণ করার অপচেষ্টা। সকলেই জানেন যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ১৯৭৬ সালে প্রতিষ্ঠাকাল থেকেই সুনামের সঙ্গে এ অঞ্চলের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য নিরলসভাবে অগ্রগামী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে।

এছাড়াও, বহুল প্রচলিত সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের নামে আরো ফেইক পেইজ/লিঙ্ক <https://www.facebook.com/share/1FshKGoyDm/> এবং <https://www.facebook.com/share/17sFVg8deD/> বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে। এ সকল পেইজ বা লিংকের কোন তথ্য উপাত্ত বা ছবি সহ যেকোনো কনটেন্টের সাথে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কোন সংশ্লিষ্টতা নেই।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড সুস্পষ্টভাবে জানাচ্ছে যে:

১. উল্লিখিত ফেসবুক গ্রুপ/পেইজসমূহ যথাক্রমে <https://www.facebook.com/share/p/19b7c24W9P/>, <https://www.facebook.com/share/1FshKGoyDm/> এবং <https://www.facebook.com/share/17sFVg8deD/> পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অনুমোদিত কোন প্ল্যাটফর্ম নয়।

২. এইসকল গ্রুপে প্রকাশিত কোনো পোস্ট, বিবৃতি, ছবি বা তথ্য বা কনটেন্টের সঙ্গে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কোনো সম্পৃক্ততা নেই।

৩. সকল তথ্য, বিজ্ঞপ্তি ও কার্যক্রম কেবলমাত্র পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইট www.chtdb.gov.bd এবং অনুমোদিত ফেসবুক পেইজ “Chittagong Hill Tracts Development Board” এবং লিংক <https://www.facebook.com/chtdb/> থেকেই প্রকাশিত ও প্রচারিত হয়।

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সম্মানিত জনসাধারণের প্রতি বিনীত অনুরোধ করা যাচ্ছে যে, এই ধরনের ভুয়া গ্রুপ বা পেজ থেকে প্রকাশিত কোনো তথ্য বা কনটেন্টে বিভ্রান্ত না হয়ে শুধুমাত্র বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইট ও অনুমোদিত মাধ্যম থেকে তথ্য গ্রহণ করুন এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের উজ্জ্বল ভাবমূর্তি বজায় রাখতে সহযোগিতা করুন।

“পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড”-এর নাম ব্যবহার করে এ সকল ফেইক গ্রুপসহ অন্যান্য ফেইক পেজ/গ্রুপের বিরুদ্ধে ফেসবুক কর্তৃপক্ষের কাছে রিপোর্ট এবং দেশের প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। পার্বত্য চট্টগ্রামের শান্তি, সম্প্রীতি ও উন্নয়ন অক্ষুণ্ণ রাখতে আপনাদের সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

কর্তৃপক্ষ

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

রাঙ্গামাটি পার্বত্য জেলা